

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-সহকারী পরিচালকের দপ্তর  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
গোপালগঞ্জ।

[dadgopalgonjfscd@gmail.com](mailto:dadgopalgonjfscd@gmail.com)

তারিখঃ ১২/০৯/২০২২খ্রঃ।


স্মারক নং-ডিএডি/এফএসওসিডি/গোপালগঞ্জ/৯১২

প্রতিঃ সহকারী পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
ফরিদপুর।

বিষয়ঃ- শ্রী শ্রী শারদীয় দুর্গা পূজা-২০২২ উদযাপন উপলক্ষ্যে গোপালগঞ্জ জেলার পূজা মন্ডপ সমূহে আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় Contingency palm প্রেরন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অতীব সম্মানের সহিত জানানো যাইতেছে যে, শ্রী শ্রী দুর্গা পূজা-২০২২ উদযাপন উপলক্ষ্যে গোপালগঞ্জ জেলার পূজা মন্ডপ সমূহে আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্য বিধি মেনে উপ-সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স গোপালগঞ্জ কর্তৃক নিম্ন বর্ণিত Contingency palm প্রস্তুত করতঃ মহোদয়ের সদয় অবগতির জন্য সর্বিনয়ে প্রেরন করা হইল।

- ০১। প্রতিটি উপজেলায় নিকটবর্তী ফায়ার স্টেশন ও নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক পূজা মন্ডপের দায়িত্বরতদের অগ্নি প্রতিরোধ অগ্নি নির্বাপন বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা হবে।
- ০২। প্রতিটি পূজা মন্ডপ স্ব-স্ব স্টেশন অফিসার ও নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক সরজমিনে পরিদর্শন করে ফায়ার সার্ভিসের জরুরী নম্বর পূজা মন্ডপে অগ্নি প্রতিরোধক মান সম্পন্ন বৈদ্যুতিক তার বিদ্যুৎতের লোড অনুযায়ী ব্যবহারসহ অতি দাহ্যবস্তু ব্যবহার হতে বিরত থাকার জন্য পূজা উদযাপন কমিটিকে পরামর্শ প্রদান করা হবে।
- ০৩। প্রতিটি পূজামন্ডপে আলোক সজ্জার জন্য বৈদ্যুতিক ক্যাবল যাতে এলোমেলো অবস্থায় না থাকে এবং অপরিষ্কৃত ভাবে সাজ-সজ্জার বৈদ্যুতিক তারের জন্য জরুরী মূহুর্তে ফায়ার সার্ভিসের অগ্নি নির্বাপন গাড়ি যাতায়াতে যাতে বাধাছা না হয় সেদিকে লক্ষ রাখার জন্য পূজা উদযাপন কমিটিকে পরামর্শ করা হবে।
- ০৪। জরুরী মূহুর্তে ফায়ার সার্ভিসের অগ্নি নির্বাপন গাড়ি যাতায়াতে যাতে বাধাছা না হয় সে দিকে লক্ষ রেখে পূজা মন্ডপের গেইট গেইট ন্যূনতম ১২ ফুট উঁচু ও ১২ ফুট চওড়া করার জন্য পূজা উদযাপন কমিটিকে পরামর্শ প্রদান করা হবে।
- ০৫। যে কোন আপদকারী পরিস্থিতি মোকাবেলার জন্য স্টেশনে ০১ টি Quick Response Team প্রস্তুত থাকবে।
- ০৬। স্থানীয় প্রশাসনের চাহিদা মোতাবেক গুরুত্বপূর্ণ পূজা মন্ডপে ফায়ার এক্সটিংগুইসারসহ ০১টি অগ্নিনির্বাপন ইউনিট নিয়োজিত থাকবে ও এ্যাম্বুলেন্স গাড়ি স্টেশনে স্ট্যান্ডবাই রাখা হবে।
- ০৭। চায়না পিকাপ, টু-হুইলার ওয়াটার মিস্কড মটর সাইকেল দিয়ে টহল ডিউটির ব্যবস্থা করা হবে।
- ০৮। স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করাসহ তাদের টেলিফোন ও মোবাইল নম্বর সংগ্রহ রাখা হয়েছে।
- ০৯। জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত শ্রী শ্রী দুর্গা পূজার সভায় প্রতিটি পূজা মন্ডপে ০৫ কেজি ওজনের এবিসি ড্রাই পাউডার ফায়ার এক্সটিংগুইসার ও অগ্নিনির্বাপন যন্ত্র রাখার জন্য উপস্থাপন পূর্বক পূজা উদযাপন কমিটিকে পত্রের মাধ্যমে অনুরোধ করা হবে।

  
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)  
উপ-সহকারী পরিচালক(চঃদাঃ)  
গোপালগঞ্জ।

ফোন- ০২৪৭৮৮২১১২৫

বিতরণ (সদয় অবগতির জন্য) :-

- ০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ, মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঢাকা বিভাগ, ঢাকা।